

ছাত্রকল্যাণ পরিদপ্তর

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০
ফোন: ৯৬৬৫৬২৩, পিএবিএক্স: ৯৬৬৫৬৫০-৮০ এক্স-৭১৪৩
ফ্যাক্স: + ৮৮০ ২ ৮৬১৩০২৬



Directorate of Students' Welfare

Bangladesh University of Engineering and Technology
Dhaka-1000, Bangladesh
Tel. 9665623, PABX: 9665650-80 Ext.7143
Fax: + 880 2 8613026 E-mail:dsw @ dsw.buet.ac.bd

নং-ছাঃক/বিবিধ/ডি.আর- ৫২(১৮)

তারিখ : ১১/০৯/২০১৯

বরাবর
বিভাগীয় প্রধান
কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং
বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়
ঢাকা।

বিষয়: বিশ্ববিদ্যালয়ে র্যাগিং বন্ধের লক্ষ্যে সহযোগিতা প্রসঙ্গে।

জনাব,

আপনি অবগত আছেন যে, ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের নবাগত শিক্ষার্থীরা ক্লাস শুরু করেছে এবং বিভিন্ন আবাসিক হলে আবাসন /সংযুক্তি গ্রহণ করেছে। কিছু শিক্ষার্থী র্যাগিং এর নামে নবাগত শিক্ষার্থীদের শারীরিক ও মানসিক ভাবে হয়রানি করছে বলে অভিযোগ পাওয়া যাচ্ছে। ভুক্তভোগী শিক্ষার্থীদের অভিযোগের প্রেক্ষিতে দুই একটি ঘটনায় তদন্ত কর্মসূচি গঠন করে দোষাদের চিহ্নিত করে বিশ্ববিদ্যালয়ের নিয়মানুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। আবাসিক হল সমূহের প্রতোস্ত ও সহকারী প্রতোস্তদের নিয়ে গঠিত ভিজিলেন্স টিম তাদের কার্যক্রম অব্যাহত রেখেছেন। তা সঙ্গেও সাম্প্রতিক সময়ে আবাসিক হলসহ ক্যাম্পাসের বিভিন্ন স্থানে ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা র্যাগিং এর নামে শারীরিক ও মানসিক হয়রানির শিকার হচ্ছে। এই বাস্তবতায় আপনার বিভাগের যে সকল সম্মানিত শিক্ষকমণ্ডলী লেভেল-২/ টার্ম-১ এর শিক্ষার্থীদের শ্রেণীকক্ষে পাঠদান করে থাকেন, সে সকল শিক্ষকমণ্ডলীর মাধ্যমে শিক্ষার্থীদের এধরনের অনিয়ন্ত্রিত ও বিশ্ববিদ্যালয়ের শৃঙ্খলা পরিপন্থী কার্যকলাপ থেকে বিরত থাকার পরামর্শ দেওয়ার জন্য সবিনয় অনুরোধ জানাচ্ছি।

আমাদের সকলের আন্তরিক ও সম্পর্কিত প্রচেষ্টায় আমরা বিশ্ববিদ্যালয়ের ঐতিহ্য রক্ষা এবং নবাগত ও ভবিষ্যত শিক্ষার্থীদের জন্য র্যাগিং মুক্ত ক্যাম্পাস নিশ্চিত করতে সক্ষম হব ইনশাআল্লাহ। এ বিষয়ে আপনার আন্তরিক সহযোগিতা একান্ত কাম্য।

ধন্যবাদান্তে,

M.R. 14/9/19

অধ্যাপক ড. মো. মিজানুর রহমান
পরিচালক
ছাত্রকল্যাণ পরিদপ্তর
প. বি. ঢাকা।

Respected Deans -
Please advise students accordingly.
C.S.W. 14/9/19
Head, CSE, BUET

email to all Deans
File of Disciplinary Committee